দৈনিক সংবাদ ৩৭
তারিখ 21 SEP 1991
পৃষ্ঠা ১ কলাম ৩

## অস্থায়ী রাষ্ট্রপতির কাছে উপাচার্যের চিঠি

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র-শিক্ষকসহ কারো জীবনের নিরাপত্তা নেই

(নিজস্ব বার্তা পরিবেশক)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিয়া ক্যাম্পাসের বর্তমান পরিস্থিতিতে গভীর উদ্বেগ প্রকাশ করে চ্যান্সেলর ও অস্থায়ী রাষ্ট্রপতি বিচারপতি শাহাবুদ্দিন আহমদের কাছে একটি জরুরী চিঠি দিয়েছেন।

চিঠিতে তিনি বলেছেন, বিশ্ববিদ্যালয়ে এখন ছাত্র-শিক্ষক-কর্মচারী কারো জীবনের কোন নিরাপত্তা নেই। এই নিরাপত্তাহীনতাকে 'রাজনৈতিক সমস্যা' হিসেবে উল্লেখ করে উপাচার্য এ সমস্যার সমাধানে অস্থায়ী রাষ্ট্রপতিকে উদ্যোগী হতে বিশেষ অনুরোধ জানিয়েছেন।

একটি সূত্রে জানা গেছে, উপাচার্য বৃহস্পতিবার সকালে অস্থায়ী রাষ্ট্রপতির কাছে চিঠিটি পাঠান। অস্থায়ী রাষ্ট্রপতি দুপুরেই চিঠিটি প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার কাছে পাঠিয়ে দেন। উল্লেখ্য, বৃহস্পতিবার থেকে দেশে সংসদীয় পদ্ধতির সরকার চালু হওয়ায় প্রধানমন্ত্রীই এখন সরকার প্রধান।

জানা গেছে উপাচার্য তার চিঠিতে লিখেছেন, বিভিন্ন সময়ে তিনি অস্থায়ী রাষ্ট্রপতির সাথে যোগাযোগ করতে চেয়েছেন কিন্তু নানা কারণে তা হয়ে ওঠেনি, শেষ পর্যন্ত বাধ্য হয়ে তাকে এ চিঠি লিখতে হলো। মঙ্গলবার রাতে জগন্নাথ হলে পুলিশী অভিযানের কথা বিশেষভাবে উল্লেখ করে উপাচার্য তার চিঠিতে বলেন, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে কিছু না জানিয়ে ওই দিনের অভিযান চালানো হয়, অথচ কর্তৃপক্ষকে তা জানানো উচিত ছিল। এ নিয়ে অনেক ভুল বুঝাবুঝির সৃষ্টি হয়েছে বলে চিঠিতে উল্লেখ করা হয়।